



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় : ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩৩,

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং- মশিবো/জা/কলেজ/২০২০/০৫৫২

তারিখ : ২২/০৬/২০২০

বিষয় : জামালপুর জেলার ইসলামপুর উপজেলার ইসলামপুর জে.জে.কে.এম গার্লস স্কুল এন্ড কলেজের বিশেষ গভর্ণিং বডি অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত স্মারক ও বিষয়ের আলোকে জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন 'ইসলামপুর জে.জে.কে.এম গার্লস স্কুল এন্ড কলেজকে পর পর তিন মেয়াদে এডহক কমিটি অনুমোদন দেওয়ার পরও নিয়মিত পূর্ণাঙ্গ গভর্ণিং বডি গঠন করতে ব্যর্থ হয় এবং কলেজের সর্বশেষ এডহক কমিটির মেয়াদ ছিল ৩১/১২/২০১৯ইং পর্যন্ত এখানে উল্লেখ্য, ১০/০১/২০২০ইং অধ্যক্ষ আব্দুছ ছালাম চৌধুরী সর্বশেষ এডহক কমিটির মেয়াদে নিয়মিত গভর্ণিং বডির নির্বাচনে ৪ জন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত (দাতা সদস্য ০১ জন, অভিভাবক সদস্য কলেজ শাখায় ০২ জন ও সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য ০১ জন) হলেও পূর্ণাঙ্গ নিয়মিত গভর্ণিং বডি গঠন করতে না পারার বিষয়টি ব্যাখ্যা করেন। অধ্যক্ষ আব্দুছ ছালাম চৌধুরী দীর্ঘ দিন ধরে নিউরোলজিক্যাল রোগে আক্রান্ত। অধ্যক্ষ পুনরায় ০৩/০২/২০২০ইং তারিখে ঢাকার স্কায়ার হাসপাতালে নিউরোলজিক্যাল রোগে আক্রান্ত হয়ে ভর্তি হন। ডাক্তার অধ্যক্ষ আব্দুছ ছালাম চৌধুরী কে দুই সপ্তাহের বেড রেস্টে থাকার পরামর্শ দেন এবং তিনি কলেজের কোন ধরনের কমিটিতে না থাকায় সরাসরি ময়মনসিংহ শিক্ষা বোর্ডে ছুটির জন্য আবেদন করেন। এমতাবস্থায় ইসলামপুর জে.জে.কে.এম গার্লস হাই স্কুল এন্ড কলেজের বিশেষ কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য অধ্যক্ষের অনুপস্থিতিতে জৈষ্ঠ্যতম শিক্ষক জনাব মোঃ নজরুল ইসলাম সহকারী অধ্যাপক স্বাক্ষরিত আবেদনপত্র ময়মনসিংহ শিক্ষা বোর্ডে স্থানীয় মাননীয় এমপি মহোদয় জনাব মোঃ ফরিদুল হক খানের সুপারিশসহ জমা দেন। এখানে উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধমালা-২০০৯ এর ধারা ৫০ মোতাবেক বিশেষ ধরনের গভর্ণিং বডি বা ম্যানেজিং কমিটি- (১) প্রবিধান ৪, ৭ ও ৪৯ এ যাহা কিছুই থাকুক না কেন, বিশেষ পরিস্থিতিতে, বোর্ড এবং সরকারের পূর্বানুমোদনক্রমে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বিশেষ ধরনের গভর্ণিং বডি বা ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটি গঠন করা যাইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে গঠিত গভর্ণিং বডি বা ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটিতে দুইজন শিক্ষক সদস্য, তিনজন অভিভাবক সদস্য, একজন সদস্য-সচিব এবং সভাপতি থাকিবেন।

উপর্যুক্ত ধারা ৫০ মোতাবেক বিশেষ ধরনের গভর্ণিং বডি বা ম্যানেজিং কমিটি গঠনের অনুমতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কর্তৃক অনুমোদন প্রয়োজন।

এমতাবস্থায় জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন 'ইসলামপুর জে.জে.কে.এম গার্লস স্কুল এন্ড কলেজের বিশেষ ধরনের গভর্ণিং বডি গঠনের অনুমতি দেয়া যায় কিনা নির্দেশনা চেয়ে পত্রটি আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(প্রফেসর ড. গাজী হাসান কামাল)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ।